

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
কার্যক্রম বিভাগ  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

জরুরী

নং- ২০.০৬.০০০০.৬১২.০০.২২০.২৩/৮৪

তারিখঃ

১৭ কার্তিক, ১৪৩০

০২ নভেম্বর, ২০২৩


বিষয়ঃ National Adaptation Plan (NAP) ও Nationally Determined Contribution (NDC)-U এর আলোকে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি-তে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ ও অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

সূত্রঃ (১) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি নীতিমালা, স্মারক নং-২০.০৬.০০০০.৬১২.০০.২১০.২৩-১৩; ০৯/০৩/২০২৩।

উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে গত ৯ মার্চ, ২০২৩ তারিখে জারীকৃত ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়ন নীতিমালার ৪.১৩নং এ National Adaptation Plan এর আলোকে চিহ্নিত প্রকল্পকে সম্পদ প্রাপ্তি সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে মর্মে উল্লেখ করা হয়েছে। এ লক্ষ্যে উন্নয়ন পরিকল্পনায় ও সম্পদ বরাদ্দের সাথে জলবায়ু পরিবর্তনকে যথাযথভাবে সম্পৃক্ত করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

(ক) বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত National Adaptation Plan (NAP) ও Nationally Determined Contribution (NDC)-U শীর্ষক পরিকল্পনা দলিলে বর্ণিত কৌশল ও লক্ষ্যমাত্রার আলোকে অগ্রাধিকার ভিত্তিতে সকল মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক নতুন প্রকল্প গ্রহণ ও প্রণয়ন এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি-তে আবশ্যিকভাবে প্রকল্প অন্তর্ভুক্ত করতে হবে।

(খ) সকল মন্ত্রণালয়/ বিভাগ কর্তৃক গৃহীত সকল উন্নয়ন প্রকল্পের উপর ex-ante climate tagging সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা থেকে প্রণীত প্রকল্পে জলবায়ু পরিবর্তনের সাথে সংশ্লিষ্ট বিষয়টি ডিপিপি-তে উল্লেখপূর্বক তা ADP/RADP Management System (AMS) ([adp.plancomm.gov.bd](http://adp.plancomm.gov.bd)) এ আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।



(মোছাঃ জাকিয়া সুলতানা)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৯১৮০৯৩৭

Email: [moushum87@gmail.com](mailto:moushum87@gmail.com)

সিনিয়র সচিব/সচিব

.....মন্ত্রণালয়/বিভাগ।

.....

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। সদস্য মহোদয়ের একান্ত সচিব (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। অফিস কপি।